

তারিখ: ২৯/০৮/২০২২ খ্রি.


২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিবিএ অনার্স ১ম বর্ষ শ্রেণিতে ১ম রিলিজন্সিপের মেধা তালিকায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি


ভর্তি পরীক্ষার ফলাফল www.nu.ac.bd/admissions ওয়েব সাইটে পাওয়া যাবে।

স্বাস্থ্য বিধি মেনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

- ১। ১ম রিলিজন্সিপের মেধা তালিকায় স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ২৯/০৮/২০২২ থেকে ০৬/০৯/২০২২ খ্রি. পর্যন্ত।
- ২। অনলাইনে 'Sonali e sheba' এর মাধ্যমে ভর্তির ফি জমা : ৩০/০৮/২০২২ থেকে ০৭/০৯/২০২২ খ্রি. পর্যন্ত।
- ৩। ভর্তি নিশ্চয়নের জন্য কলেজের সংশ্লিষ্ট বিভাগে কাগজ পত্র জমা দেওয়া : ৩০/০৮/২০২২ থেকে ০৭/০৯/২০২২ খ্রি. পর্যন্ত।
- ১ম রিলিজন্সিপের মেধা তালিকায় স্থান প্রাপ্তদের ভর্তির প্রক্রিয়া:
 - ১। ভর্তির প্রাথমিক আবেদনপত্রে উল্লিখিত রোল নম্বর ও পিন নম্বর ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে A₄ সাইজের অফসেট সাদা কাগজে রস্টিন প্রিন্ট দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
 - ২। 'Sonali e sheba' এর মাধ্যমে অনলাইন <https://sbl.com.bd:7070/CollegeFee/Payment> এ গিয়ে Admission Fees অথবা Google Play Store থেকে Mobile App এ 'Sonali e sheba' ডাউনলোড করে এর মাধ্যমে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ের নিবন্ধন ফি এবং কলেজের সেশন চার্জ বাবদ মোট ৪,৭০০/- টাকা (চার হাজার সাতশত টাকা) পরিশোধের পর Payment Slip প্রিন্ট করতে হবে। টাকা পরিশোধের জন্য শিক্ষার্থীদের রোল নম্বরের স্থানে অবশ্যই প্রাথমিক আবেদনপত্রের রোল নম্বর লিখতে হবে।
 - ৩। ভর্তি ফরমের মূলকপি ও ২ সেট ফটোকপি এবং টাকা পরিশোধের Payment Slip সহ সংশ্লিষ্ট বিভাগের সেমিনার থেকে ক্লাশ রোল সংগ্রহ করতে হবে।
 - ৪। SSC ও HSC পরীক্ষা পাসের মূল নম্বর ফর্দ এবং ভর্তির প্রাথমিক আবেদনপত্রের মূল কপি একটি A₄ সাইজের খামে ভরে খামের ওপর শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল, শিক্ষাবর্ষ- ২০২১- ২০২২ এবং সচল মোবাইল নম্বর লিখে কলেজের সংশ্লিষ্ট বিভাগে ০৭/০৯/২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।
 - ৫। শিক্ষার্থীর পরিচয়পত্র প্রস্তুত করার জন্য বিভাগ থেকে একটি তথ্য ফরম সরবরাহ করা হবে। উক্ত তথ্য ফরমটি সঠিকভাবে পূরণ করে এর সাথে শিক্ষার্থীর স্ট্যাম্প সাইজের ২ কপি রস্টিন ছবি (ছবির পেছনে শিক্ষার্থীর ক্লাশ রোল লিখতে হবে) স্ট্যাপলার দ্বারা সংযুক্ত করে তৎক্ষণাৎ বিভাগে জমা দিতে হবে।
 - ৬। ক্লাশ রোল যুক্ত ভর্তি ফরমের মূল কপি ও একটি ফটোকপি, টাকা পরিশোধের Payment Slip এর ফটোকপি এবং SSC ও HSC পরীক্ষা পাসের নম্বর ফর্দের ফটোকপি একত্রে স্ট্যাপল করে বিভাগে জমা দিতে হবে এবং সম্পূর্ণ এক সেট ফটোকপি শিক্ষার্থী নিজের জন্য সংরক্ষণ করবে।
 - ৭। শিক্ষার্থী আযম খান সরকারি কমার্স কলেজে অথবা অন্য কোন কলেজে অনার্স/ডিগ্রী(পাস) কোর্সে বিগত ২০২০ - ২০২১ শিক্ষাবর্ষে ভর্তি হয়ে থাকলে, তাকে অবশ্যই আগামী ০৫/০৯/২০২২ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ সংগ্রহ করতে হবে। অন্যথায় ২০২১ -২০২২ শিক্ষাবর্ষে কোনক্রমেই ভর্তি হওয়া যাবে না।
 - ৮। ১ম রিলিজন্সিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তনের কোন সুযোগ নাই।

প্রতিষ্ঠান


প্রফেসর কার্তিক চন্দ্র মন্ডল (৬০৬৪)
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা


মোসাম্মৎ শাহানা জ বেগম (৬২৬২)
সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ
ও
আহবায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি ২০২১-২০২২